



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা
সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
নগরভবন (লেভেল-৬), রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

‘ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৩’ দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রভুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১১.৩০ টা
স্থান : সভাকক্ষ, লেভেল-৮, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চের প্রদত্ত ভাষণের দিনটিকে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে ‘ক’ শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। ওসমানী স্মৃতি মিলনায়তনে আগামী ৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস জাতীয়ভাবে উদযাপন হবে।


উক্ত সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনায় ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	‘ঐতিহাসিক ৭ই মার্চ দিবস’ ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।	(ক) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা (খ) নিরাপত্তা কর্মকর্তা
২.	প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়কদ্বীপ, বিজয়সরগী এবং শাহবাগ হতে এয়ারপোর্ট পর্যন্ত সকল ফ্লাইওভার ও ফুটওভার ব্রিজ সমূহ ফেণ্টন দ্বারা সজ্জিত করতে হবে। সংশ্লিষ্ট সকল আনিক এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	(ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৩.	ডিএনসিসির নগর ভবনে সকাল ৯.৩০ ঘটিকায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।	সকল বিভাগীয় প্রধান
৪.	০৬ মার্চ ২০২৩ খ্রি: থেকে ০৭ মার্চ ২০২৩ খ্রি: পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল গুরুত্বপূর্ণ স্থাপনা ও স্থানসমূহে আলোকসজ্জা করা হবে। ডিএনসিসি’র সকল ভবনসমূহ আলোকসজ্জা করা হবে।	প্রধান প্রকৌশলী
৫.	ডিএনসিসি হল রুমে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ উদযাপনের লক্ষ্যে বেলা ১১.০০ ঘটিকায় আলোচনা সভা নগর ভবন, লেভেল-৬, অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।	গঠিত কমিটি

ডিএনসিসি হল রুমে 'ঐতিহাসিক ৭ই মার্চ' উদযাপনের লক্ষ্যে আলোচনা সভার প্রস্তুতি ও বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি	-আহ্বায়ক।
২. সচিব, ডিএনসিসি	-সদস্য।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি	-সদস্য।
৪. মহাব্যবস্থাপক(পরিবহন), ডিএনসিসি	-সদস্য।
৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি	-সদস্য।
৬. প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি	-সদস্য।
৭. সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি	-সদস্য।

সভাপতি 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০২/৩/২৩
মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০১৩.৯৯.০৫৯.২০- ৬৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ: (পেদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং/সংরক্ষিত আসন নং, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. অফিস কপি।